



ISO 9001-2015 Certified

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
হাজীগঞ্জ, চাঁদপুর।



যোগাযোগঃ ০৮৪২৪-৭৫২৫৫ (অফিস), ০৮৪২৪-৭৫৩৬৬ (বাসা), ইমেইল chandpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১৩৪৯.৫০৪.০০৬.১০৭.১৯. ৮৩৮৭

তারিখঃ

১৫ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ

৩০ নভেম্বর ২০১৯খ্রিঃ

“ আন্তঃ পবিস পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি ”

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ “ অফিস সেক্রেটারি ” এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কম্পিউটার অপারেটর পদে কর্মরত এবং যারা সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন সে সকল প্রার্থীর নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ অফিস সেক্রেটারি


০১৥ প্রার্থীর যোগ্যতাঃ

১	কম্পিউটার অপারেটর পদে নিয়মিত হিসেবে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
২	প্রতি মিনিটে ন্যূনতম ৬০ (ষাট) টি ইংরেজী ও ৪০ (চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে।
৩	প্রতি মিনিটে ন্যূনতম ৩৫ (পয়ত্রিশ) টি ইংরেজী ও ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ লিখার দক্ষতা থাকতে হবে।
৪	কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।
৫	সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সেকশন ৪(A) তে উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
৬	সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রোটং ৩.৫০ থাকতে হবে।
৭	চাঁদপুর পবিস-১ এর কর্মচারী চাকুরী বিধি ১৯৯২, সংশোধিত ২০১২ এবং ধারা ৭.১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
৯	বাংলা ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
৯	সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কার করে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।
১০	দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করনের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
১১	দর্শনাস্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে।

শর্তাবলীঃ


- ০১। আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র সহ আগামী ১৫/১২/২০১৯খ্রিঃ তারিখ সকাল ১১-০০ ঘটিকায় চাঁদপুর পবিস-১ এর সদর দপ্তর, হাজীগঞ্জ, চাঁদপুর স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংশ্লিষ্ট এজিএম(মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
- ০৩। সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি রংজিন সত্যায়িত ছবি।
- ০৪। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- ০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।
- ০৬। চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত অনুলিপি পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণ কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত অনুলিপি।
- ০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।
- ০৮। আবেদন পত্রের সহিত জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদ এবং বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) এর প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ০৯। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

- ১০। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকার প্রার্থী অর্থাৎ চাঁদপুর জেলার হাজিগঞ্জ, শাহরাস্তি ও কচুয়া উপজেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ১১। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় প্রার্থীদের আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ১২। পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা এবং বাপবিবোর্ড/ পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
- ১৩। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং তদন্ত পূর্বক তা প্রমানিত হলে তাকে চাকুরীচ্যুত করা হবে। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
- ১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৫। বর্ণিত শর্তাবলী ব্যতীত অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


 (মোঃ কেফায়েত উল্লাহ)
 জেনারেল ম্যানেজার

অনুলিপি : (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যঃ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, পবিস-১/২/৩/৪।
- ০৪। ডিজিএম-সদর দপ্তর(কারিগরি)/ কচুয়া/শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর পবিস-১।
- ০৫। এজিএম (ইএন্ডসি/সদস্য সেবা/ওএন্ডএম/অর্থ), চাঁদপুর পবিস-১।
- ০৬। নোটিশ বোর্ড/অফিস নথি/মাষ্টার নথি।


 (মোঃ কেফায়েত উল্লাহ)
 জেনারেল ম্যানেজার

